

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৮.২০০৯.৭১

তারিখ: ০৫ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ
১৯ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ.

বিষয়: কুষ্টিয়া জেলার সদর উপজেলার কুষ্টিয়া ইসলামিয়া কলেজের অধ্যক্ষ মো: নওয়াব আলী এর বকেয়াসহ বেতন-ভাতা ছাড়করণ প্রসংগে।

সূত্র: আলহাজ্ব মুহম্মদ শামসুর রহমান বাবু, সভাপতি, কুষ্টিয়া ইসলামিয়া কলেজ, সদর, কুষ্টিয়া এর আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার সদর উপজেলার কুষ্টিয়া ইসলামিয়া কলেজের সভাপতি, জনাব আলহাজ্ব মুহম্মদ শামসুর রহমান বাবু কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগের কনটেন্ট পিটিশন নং-২৪৮/২০১৬, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৪৯৮৯/২০১৬ এবং মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের Civil Petition for Leave to Appeal No-1531 of 2016 এর আদেশের প্রেক্ষিতে অধ্যক্ষ জনাব মো: নওয়াব আলী এর বকেয়াসহ বেতন ভাতা ছাড়করণের জন্য আবেদন করা হয়।


২.০ এমতাবস্থায় নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) বর্ণিত মামলাসমূহের আদেশ যাচাইয়াত্তে কুষ্টিয়া জেলার সদর উপজেলার কুষ্টিয়া ইসলামিয়া কলেজের অধ্যক্ষ মো: নওয়াব আলী (ইনডেক্স নং-০১৭৬৮৩) এর বকেয়াসহ বেতন-ভাতা ছাড়করণের বিষয়ে জরুরি ভিত্তিতে বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতসহ প্রতিবেদন প্রেরণ।

(খ) কনটেন্ট মামলার Show cause এর আইনানুগ জবাব মহামান্য হাইকোর্টে দাখিল করা হয়েছে কিনা?

(গ) মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৪৯৮৯/২০১৬ মামলায় জনাব মো: নওয়াব আলী এর বেতন বন্ধ সংক্রান্তে মন্ত্রণালয় হতে ১০/০৪/২০১৬ তারিখে জারিকৃত পত্রের কার্যক্রম ০৬ (ছয়) মাসের জন্য স্থগিত করা হয়। পরবর্তিতে উক্ত স্থগিতাদেশের মেয়াদ বৃদ্ধি করা হয়েছে কি না? সে সম্পর্কিত তথ্য প্রদান এবং সে অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ।

সংযুক্ত : বর্ণনামতে।


১৭/৩/২০২০
(মো: কামরুল হাসান)
উপসচিব

ফোন : ৯৫৪০৫১৭

ই-মেইল ds.mpo@moedu.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৩. জনাব আলহাজ্ব মুহম্মদ শামসুর রহমান বাবু, সভাপতি, কুষ্টিয়া ইসলামিয়া কলেজ, সদর, কুষ্টিয়া।
০৪. জনাব মো: নওয়াব আলী, অধ্যক্ষ, কুষ্টিয়া ইসলামিয়া কলেজ, সদর, কুষ্টিয়া।
০৫. অফিস কপি।